# সভা নং-০৫

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৪ খ্রিঃ অক্টোবর মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ স.ম. আজহারুল ইসলাম
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ২৩/১০/২০২৪খ্রিঃ সময় ঃ বিকাল ২.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td>স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, সাম্পত্রিক আগামী কাল থেকে HPV Vaccniation এর কার্যক্রম শুরু হবে। এই উপলক্ষ্যে আগামীকাল থেকে ক্লাস ৫ থেকে ক্লাস ৯ পর্যন্ত ছাত্রীদের টিকা প্রদান করা হবে আর যদি বয়স ধরি তার ১০ বছর থেকে ১৪ বছর স্কুলে ১০ দিন ব্যাপি কার্যক্রম চলবে বাকী ৮দিন কমিউনিটি সাবব্লক এ দিব। "HPV Vaccniation আমরা দিব ক্যান্সার" প্রতিরোধ এর জন্য এই টিকা ৬টা organ এর ক্যান্সার প্রতিরোধ করে। ১ম ডোজ আগামী কাল থেকে শুরু হবে ২য় ডোজ পরের বছর আশা করি দিবে। আজকে যদি ছাত্রীদের টিকা প্রদান করা যায় তবে ভবিষৎ মায়েদের ক্যান্সার প্রতিরোধ করা সম্ভব হবে। আশা করি এই টিকা প্রদান এর সময় আমার মাঠ কর্মী এবং পরিবার পরিকল্পনা মাঠ কর্মী যদি কোন টাকা লেনদেন এর বিষয়ে খবর আসে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জানানোর জন্য সভায় উপস্থাপন করেন । হাসপাতাল এর গত মাসে প্রায় ১,১০,০০০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>HPV Vaccniation এর কার্যক্রমে জোর তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০২.</td><td>কৃষি বিভাগ : উপজেলা কৃষি অফিসার জানান যে, সাম্প্রতিক বন্যায় এই উপজেলার প্রায় ৯০% ফসলী জমির দন্ডায়মান ফসল আক্রান্ত হয়। কৃষকদের এই ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য ধান,সবজী বীজও প্রনোদনা হিসেবে দেওয়া হচ্ছে। সার ও বীজের মজুদ সন্তোষজনক। আমন ধানের চারা রোপনের জন্য কৃষকদের নিরুৎসাহিত করা হচ্ছে। মহালক্ষীপাড়া-ডগ্রাপাড়া এই দুই গ্রামের সংযোগস্থলে পানি নিষ্কাসন জনিত সমস্যার কারণে প্রায় ১০০ হেক্টর জমিতে আউশ আমন ধানের আবাদ হয় না। এখানে ড্রেনেজ সিস্টেম সংস্কার করলে উক্ত জমি বছরে তিন বারই ফসল ফলিয়ে জমি ব্যবহার করা যাবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। কৃষি বিপনন অধিদপ্তর ন্যায্য মূল্যে বিক্রি করার লক্ষ্যে কৃষকদের নিকট থেকে ন্যায্য মূল্যে পন্য কিনতে আগ্রহী। এ ব্যাপারে সবাইকে অবগত করা হয়।এছাড়া অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।</td><td></td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া</td></tr>
<tr><td>০৩</td><td colspan="2">প্রকৌশলী বিভাগঃ উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে,ক) বন্যার কারণে ব্রাহ্মণপাড়া উপজেলার অধিকাংশ রাস্তা ই ভেঙ্গে ক্ষতিগ্রস্থ ও জনগনের চলাচলের অনুপযোগী হয়ে আছে জরুরীভিত্তিতে রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী কুমিল্লা বরাবর পত্র মাধ্যমে অবহিত করা হয়। এছাড়া ও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br><br>খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, "উপজেলা রাজস্ব তহবিল" এর আওতায় ব্রাহ্মণপাড়া পরিষদের পকুর সংস্কার ও ওয়াকওয়ে, যুব উন্নয়ন অফিস মেরামত ও টয়লেট নির্মাণ, পরিষদের আভ্যন্তরীন রাস্তা ইউনি ব্লক দ্বারা মেরামত, উপজেলা ভূমি অফিসের সামনের রাস্তা আরসিসি করন কাজের প্রাক্কলন নিম্নে উপস্থাপন করা হলঃ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>০১.</td><td>ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের সামনের পুকুর সংস্কার ও ওয়াকওয়ে নির্মাণ</td><td>১৪,৮২,৯৯১/-</td></tr>
<tr><td>০২.</td><td>ব্রাহ্মণপাড়া উপজেলা যুব উন্নয়ন অফিস মেরামত ও টয়লেট নির্মাণ</td><td>৬,৯৬,৪৩৩/-</td></tr>
<tr><td>০৩.</td><td>ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের আভ্যন্তরীন রাস্তা ইউনি ব্লক দ্বারা মেরামত</td><td>৯,৬৫,৯৪৩/-</td></tr>
<tr><td>০৪.</td><td>ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ভূমি অফিসের সামনে রাস্তা আরসিসি করন</td><td>৬,৬৫,১২৭/-</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>৩৮,১০,৪৯৪/-</td></tr>
</table>
সিদ্ধান্ত ঃ ক্রমিক ১ হতে ৪ পর্যন্ত অনুচ্ছেদ সমূহ সর্বমোট ৩৮,১০,৪৯৪/- (আটত্রিশ লক্ষ দশ হাজার চারশত চুরানব্বই) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। উপরোক্ত প্রকল্পসমূহ ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়ন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমোদনের জন্য প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া বন্যায় খামারীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষয়ক্ষতির পরিমান নির্ধারনের জন্য মাঠ পর্যায়ে কর্মীগণ তালিকা প্রস্তুত করছেন। এ মাসে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ২৫০টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৫০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৪০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা নির্বাহী অফিসার জানান যে ০৩ জন সহকারী শিক্ষা অফিসারগণকে ৩৪টি করে প্রাথমিক বিদ্যালয় প্রতি সপ্তাহে অনন্ত ৩টি স্কুল করে স্কুল পরির্দশন করার জন্য সভায় আলোচনা করা হয়। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,বন্যা পরবর্তী পুরোদমে ক্লাস চলমান। ২০২৫ সালের এসএসসি/দাখিল পরীক্ষার টেস্ট সূম্পর্ণ হয়েছে। কিছুদিনের মধ্যে ফরম ফিলআপ শুরু হবে। স্থগিত ডিগ্রি পরীক্ষা ২৬/১০/২০২৪ হতে শুরু হবে। ডেঙ্গু প্রতিরোধে সচেতনামূলক নির্দেশনা দেয়া হয়েছে এবং তা মনিটর করা হচ্ছে। এনটিআরসিএ কর্তৃক পরবর্তী শিক্ষক নিয়োগ কার্যক্রমের প্রস্তুতি চলছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবাভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ভাতার ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর/২৪) ০৩ মাসের অর্থ ছাড় দেওয়ার পে রোল দেওয়া হয়েছে। প্রতারক চক্র/হেকার- এ সময় ভাতা ভোগীদের কে ফোন দিয়ে পিন কোড নিতে পারে সুতরাং এ মুহূর্তে সকলকে সর্তক থাকতে হবে।<br>উল্লেখ্য যে, ।২০২৪-২০২৫ অর্থ বছরে অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা, উপবৃত্তি অনগ্রসর ভাতা, শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে জনগোষ্টীর ভাতার সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এ সকল সুবিধা ভোগীকে অনলাইনে আবেদন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে চিঠি দেওয়া হয়েছে। আগামী ১৪/১১/২০২৪ তারিখের পূর্বে অবশ্যই অনলাইন করতে হবে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, আগস্ট/২৪ মাস পর্যন্ত ২২ জন যুব ও যুবমহিলার মাঝে ১০,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়। প্রশিক্ষনের জন্য ২টি ব্যাচ প্রস্তুত আছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.৪৯%। আগামী ০১ নভেম্বর /২০২৪ খ্রি. জাতীয় যুব দিবস পালিত হবে। সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়া তার দপ্তর কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে " অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" (ইজিপিপি) প্রকল্পের ১ম পর্যায়ের প্রকল্প তালিকা-৩ শ্রমিক তালিকা প্রস্তুত করতঃ দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। বন্যায় ব্রাহ্মণপাড়া উপজেলায় সরকারি চাল ৯০ মেঃটন চাল ইউনিয়ন পরিষদ ও বৈষম্য বিরোধী ছাত্র সংগঠনের মাধ্যমে তালিকা করে জনপ্রতি ১০ কেজি করে বিতরণ করা হয়। ৫লক্ষ টাকার (ডাল, তৈল, লবন, মুড়ি, চিড়া, গুড়া মসলা ইত্যাদি শুকনা খাবার প্যাকেট করে বিতরণ করা হয়। ১লক্ষ ৫০ হাজার টাকার গো খাদ্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ খামারী পরিবারের মাঝে ১৩৪ গো খাদের প্যাকেট বিতরণ করা হয়। বৈষম্য বিরোধী ছাত্র সংগঠন (বুয়েট) থেকে ত্রাণ বিতরণ করা হয়। নোমান গ্রুপ ৩০০ প্যাকেট ত্রাণ, ব্রাহ্মণবাড়ীয়া নবীনগর হতে (৪৭+ ২৭৩=৩২০) প্যাকেট ত্রাণ ও আস সুন্নাহ ফাউন্ডেশন হতে ৯৫ প্যাকেট ত্রাণ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে সুষ্ঠ ও সুন্দরভাবে বিতরণ করা হয়। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২৪ মাস পর্যন্ত ছয় মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে অক্টোবর/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও ইস্যু দেওয়া হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের জন্য আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় অক্টোবর/২০২৪ মাসে সর্বমোট ২৪,১৫০/- টাকা আদায় করা হয়। জয়িতা অন্বেষনে বাংলাদেশ কর্মসূচির আওতায় ২০২৪ সালে ব্রাহ্মণপাড়া উপজেলায় ০৮টি ইউনিয়ন পরিষদ হতে ৫ ক্যাটাগরির ৫ জন জয়িতার তালিকা চেয়ে সেপ্টেম্বর/২০২৪ মাসে পত্র প্রেরণ করা হয়েছে। তালিকা প্রদানের জন্য সবাইকে আবারো অনুরোধ জানানো হয়। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২৪ মাস পর্যন্ত ছয় মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে অক্টোবর/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও ইস্যু দেওয়া হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের জন্য আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় অক্টোবর/২০২৪ মাসে সর্বমোট ২৪,১৫০/- টাকা আদায় করা হয়। জয়িতা অন্বেষনে বাংলাদেশ কর্মসূচির আওতায় ২০২৪ সালে ব্রাহ্মণপাড়া উপজেলায় ০৮টি ইউনিয়ন পরিষদ হতে ৫ ক্যাটাগরির ৫ জন জয়িতার তালিকা চেয়ে সেপ্টেম্বর/২০২৪ মাসে পত্র প্রেরণ করা হয়েছে। তালিকা প্রদানের জন্য সবাইকে আবারো অনুরোধ জানানো হয়। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্য কেন্দ্র ভিত্তিক সেবা এবং ডোর টু ডোর সেবা চলমান রয়েছে। বন্যা পরবর্তী সময়ে বিভিন্ন সচেতনা ক্যাম্পেইন বা প্রচারনা মাঠ পর্যায়ে চলমান রয়েছে। উপজেলা প্রশাসনের পক্ষে শিশু খাদ্য বিতরণে সহায়তা করা হচ্ছে। এছাড়া অন্যান্য সার্বিক কার্যক্রম চলমান রয়েছে। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৮০৭ জনের মধ্যে খাবার বড়ি ১৬৮৯৯ জন, কনডম ২৬২২ জন, ইনজেকশন ৫৮৩৭ জন, আইইডি ১৬২১জন, ইমপ্লান্ট-২৮১৭ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৭জন এবং মহিলা ৪০৩৩জন, ইউনিয়নের মোট ৩৪৩৫৬ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৬৮%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৬৭৭ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৮১ জন,গর্ভকালীন ৮৫২ জন ও গর্ভোত্তর ৬০৬ জনকে সেবা প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৭১ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে ২৪-২৫ অর্থ বছরে সুবিধাভোগী সদস্যদের মাঝে ৩৬২.৮৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে এ যাবৎ ১,০৬,৮৫,২০,০০০/- (এক কোটি ছয় লক্ষ বিশ হাজার) টাকা ঋণ বিতরন করা হয়। মাঠ পর্যায়ে বিদ্যমান ঋণ বিতরন যথারীতি আদায় কার্যক্রম বহাল রয়েছে। বিদ্যমান খেলাপী ঋণ আদায় বিশেষ করে মুক্তিযোদ্ধাদের কে বিতরণকৃত খেলাপীর পরিমাণ ১০০%। এছাড়া অন্যান্য খেলাপী ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করছি। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | খেলাপী ঋণ গৃহীতাদের তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ ও কমান্ডার মুক্তিযোদ্ধা সংসদ ব্রাহ্মণপাড়া শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প :** সমন্বয়কারী, জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৭.৬২ লক্ষ টাকা বিতরন করেছি ১৪.৬০ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৮.০৯ লক্ষ টাকা। আদায় করেছি ১৫.০৫ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১,২৭ লক্ষ টাকা আদায় করেছি ৯৫ লক্ষ টাকা। ঋণ গ্রহণ করে মৃত্যুবরন করেছে ৫৫ জন তাদের বকেয়া ঋণের পরিমান প্রায় ৪০ লক্ষ টাকা ২০ লক্ষ টাকা মওকুফ চলমান আছে। এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | সমন্বয়কারী এবাএখা ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, বন্যাকালীন সময়ে গভীর নলকূপ পানির নিচে তলিয়ে গেছে। নলকূপের পানি না খেয়ে পানি বিশুদ্ধ করন ট্যাবলেটের মাধ্যমে পানি বিশুদ্ধ করে খাওয়ার জন্য উপস্থাপন করেন। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার ব্রাহ্মণপাড়া দূর্ঘটনা জনিত কারণে অসুস্থ থাকায় তিনি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স.ম. আজহারুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৬৫(২৮)  তারিখ: ২৩/১০/২০২৪খ্রি.

অনুলিপি :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১–৫: সদয় অবগতির জন্য।)

৬. চেয়ারম্যান..................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা — অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

(স.ম. আজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।